



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা  
বরিশাল বিভাগ, বরিশাল।  
[www.dpe.barisaldiv.gov.bd](http://www.dpe.barisaldiv.gov.bd)



### অফিস আদেশ

বরিশাল বিভাগাধীন পিরোজপুর জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের প্রস্তাবের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষককে তার নামের পার্শ্বে উল্লেখিত দেশে বর্ণিত কারণে গমন ও অবস্থানের অনুমতি প্রদানসহ নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর বিধি ৩ (১) (iii) অনুযায়ী অর্ধগড় বেতনে বহি: বাংলাদেশ অর্জিত ছুটি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হলো।

| ক্র/নং | শিক্ষকের নাম, পদবি ও কর্মস্থল   | ভ্রমণের সময়   | ভ্রমণের স্থান ও উদ্দেশ্য    |
|--------|---|--|-----------------------------|
| ০১.    | জনাব লিটু রানী দাস, প্রধান শিক্ষক (চ: দা:) ৩২ নম্বর পাশাডুবি (২) সরকারি প্রাথমিক বিদ্যালয়, পিরোজপুর সদর, পিরোজপুর। | ২০.০৯.২০২৩ হতে ২৯.০৯.২০২৩ তারিখ পর্যন্ত অথবা- যাত্রার তারিখ থেকে ১০ (দশ) দিন।    | ভারত<br>তীর্থ ভ্রমণের জন্য  |
| ০২.    | জনাব মো: মাহবুব হোসাইন, সহকারী শিক্ষক, ১০৬ নম্বর উঃ করফা সরকারি প্রাথমিক বিদ্যালয়, নেছারাবাদ, পিরোজপুর।            | ২৯.১০.২০২৩ হতে ২৭.১১.২০২৩ তারিখ পর্যন্ত অথবা- যাত্রার তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিন। | ভারত<br>উন্নত চিকিৎসার জন্য |

#### শর্তাবলী:

- আবেদনকারীর ছুটির হিসাবে ছুটি পাওনা থাকতে হবে;
- ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাসটারের সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে;
- বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাসটারের সহকারী উপজেলা / থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/ থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন;
- বিদেশ গমন ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
- তিনি ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন;
- তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- অনুমোদিত বহি: বাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না;
- অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-  
নিলুফার ইয়াসমিন  
বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।

স্মারক নং-উপ-পরি/প্রাশি-বরি/প্রশা-৩/বহি:বাংছুটি/১২/২০২০-৪০৭১

তারিখ : ১১.০৯.২০২৩ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
০২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিরোজপুর।
০৩. জেলা হিসাবরক্ষণ অফিসার, পিরোজপুর।
০৪. উপজেলা শিক্ষা অফিসার, পিরোজপুর সদর/ নেছারাবাদ, পিরোজপুর। মঞ্জুরীকৃত ছুটি শিক্ষকের চাকুরী বহিতে লিপিবদ্ধ করার অনুরোধসহ।
০৫. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, নেছারাবাদ, পিরোজপুর।
০৬. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল বিমান বন্দর, ঢাকা/ বেনাপোল স্থল বন্দর, যশোর/ .....
০৭. জনাব মো: আবুল কালাম শরীফ, কম্পিউটার অপারেটর, অত্র দপ্তর, আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো।
০৮. জনাব....., পিরোজপুর।
০৯. সংরক্ষণ নথি।

নিলুফার ইয়াসমিন  
১১/০৯/২০২৩

বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।

ফোন: ০২৪৭৮৮-৬৪৪৮৯

E-mail: [ddbarish@gmail.com](mailto:ddbarish@gmail.com)